

2 0 1 8

ELECTIVE BENGALI

( মধ্যযুগের সাহিত্য )

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) “নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে”

পদটির রচয়িতা কে ?

(খ) “আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ”

এখানে ‘নবদ্বীপচন্দ’ কাকে বলা হয়েছে ?

(গ) “এ ঘোর রজনী মেঘের ঘটা/কেমনে আইল  
বার্টে”

কোন পর্যায়ের পদ ?

(ঘ) “নামহি \_\_\_\_\_ ক্রুর নাহি যা সম ।”

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঙ) “দেবে জানে ভেদ নাহি কৃষ্ণ-হলধরে ।” ‘হলধর’ কে ?

(চ) গৌরান্দের গুরু ঈশ্বরপুরী নবদ্বীপে কার বাড়িতে অবস্থান  
করেছিলেন ?

- (ছ) “প্রভু কহে বৈদ্য তুমি ইহা কেনে পড়।  
লতাপাতা দিয়া গিয়া রোগী কর দড় ॥”  
এখানে কোন্ ‘বৈদ্য’-এর কথা বলা হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) যে কোনো দুই প্রকার শ্রবণজাত পূর্বরাগের নাম লেখো।
- (খ) ‘মাথুর’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি চৈতন্য-পূর্ববর্তী না চৈতন্য-পরবর্তী যুগের কবি?
- (গ) “মহারাজ লক্ষণ সকল লগ্নে কহে।  
রূপ দেখি চক্রবর্তী হইল বিস্ময়ে ॥”  
এই ‘চক্রবর্তী’র সম্পূর্ণ নাম কী? গৌরাজের সঙ্গে তাঁর কি সম্পর্ক?
- (ঘ) নিমাই-এর অগ্রজের নাম কী? সন্ন্যাস গ্রহণের পর তিনি কি নামে পরিচিত হন?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “ঘরের বাহিরে দণ্ডে শতবার  
তিলে তিলে আইসে যায়।  
মন উচাটন নিশ্বাস সঘন  
কদম্ব-কাননে চায় ॥”  
‘বৈষ্ণব পদাবলী’র ‘পূর্বরাগ’ পর্যায়ে রাখার  
প্রেম-বিহ্বলতার যে ছবি ফুটে উঠেছে তা ব্যক্ত করো।
- (খ) উদাহরণসহ প্রেমবৈচিত্র্যের সংজ্ঞা নির্দেশ করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“যাঁহা পছ অরুণ-চরণে চলি যাত ।  
তাঁহা তাঁহা ধরণী হইয়ে মঝু গাত ॥”

(ঘ) “নানা স্থানে অবতীর্ণ হৈলা ভক্তগণ ।  
নবদ্বীপে আসি হৈল সবার মিলন ॥”

চৈতন্য পরিকরেরা কে, কোথায় জগ্নগ্রহণ করে অবশেষে  
নবদ্বীপে এসে মিলিত হয়েছিলেন তা আলোচনা করো ।

(ঙ) “জানিলেন অন্তর্ভামি শ্রীশচীনন্দন ।  
চিত্তে আছে বিপ্রেরে দিবেন দরশন ॥”

গৌরান্ধ সর্বপ্রথমে কাকে নিজ স্বরূপে দর্শন দিয়েছিলেন?  
আখ্যানটি ব্যক্ত করো ।

৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের  
উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) ‘গৌরচন্দ্রিকা’ কাকে বলে? ‘গৌরান্ধবিষয়ক পদ’ এবং  
‘গৌরচন্দ্রিকা’র পার্থক্য সম্বন্ধে আলোচনা করো ।

(খ) তোমার পঠিত পদ থেকে উদাহরণ দিয়ে ‘রূপানুরাগ’-এর  
ভাবসৌন্দর্য পরিস্ফুট করো ।

(গ) “রাধা-বিরহই ‘বৈষ্ণব পদাবলী’র প্রাণ-স্বরূপ ।”  
তোমার পঠিত পদ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার  
করো ।

খ—গুছ

- (ক) বৃন্দাবন দাস রচিত ‘চৈতন্যভাগবত’ কাব্যটি জীবনীগ্রন্থ হিসেবে কতদূর সার্থক তা আলোচনা করো।
- (খ) “শ্রীচৈতন্যের বাল্যজীবনের মধ্যে বৃন্দাবন দাস শ্রীকৃষ্ণের বাল্যজীবনেরই রূপভেদ দেখেছিলেন।” ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের ভোমার অধীত পর্ব অবলম্বনে উক্তিটির সার্থকতা বিচার করো।
- (গ) “‘চৈতন্যভাগবত’ গ্রন্থের আদিখণ্ডের প্রথম অধ্যায়ে গ্রন্থপরিকল্পনার মূল রূপরেখা বর্ণিত হয়েছে।” মন্তব্যটির যথাযোগ্যতা বিচার করো।

★ ★ ★